



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
"বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ জরাজীর্ণ ডাকঘরসমূহের সংস্কার/পুনর্বাসন-২য় পর্যায় (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প  
ডাক অধিদপ্তর, ডাক ভবন  
আগারগাঁও, ঢাকা-১২০৭।



Website: [www.bdpost.gov.bd](http://www.bdpost.gov.bd)

স্মারক নং-১৪.৩১.০০০০.০৫১.১৪.০০৪.২০

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৪ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

### নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ জরাজীর্ণ ডাকঘরসমূহের সংস্কার/পুনর্বাসন-২য় পর্যায় (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্প চলাকালে (সরকারি বিধি মোতাবেক) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী মাসিক সাকুল্য বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আগামী ০৪-০১-২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও মাসিক সাকুল্য বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)    | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা   |
|---------|---|-----------|---|
| ১.      | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গ্রেড-১০, বেতন: মাসিক সাকুল্য ২৭,১০০/- টাকা | ০৫ (পাঁচ) | বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যান্য ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা (ন্যূনতম সিজিপিএ-৩.০০)। |

#### আবেদনের শর্ত ও নিয়মাবলী:

- ১। ২৫-০৩-২০২০ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে এবং ০৫-১২-২০২২ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
- ২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে;
- ৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;
- ৪। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র/সনদপত্রের সত্যায়িত অনুলিপি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি এবং ৫০০/- (পাঁচশত) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার, প্রকল্প পরিচালক, "বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ জরাজীর্ণ ডাকঘরসমূহের সংস্কার/পুনর্বাসন-২য় পর্যায় (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অনুকূলে প্রদান করতে হবে;
- ৫। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনোভাবেই আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৬। বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্য বেতনে উন্নয়ন প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে;
- ৭। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তাঁর আবেদনপত্র/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ৮। উপরোক্ত তথ্যাদি মোতাবেক আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য আবেদনকারীদের ডাকযোগে লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে এবং কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে;
- ৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- ১০। নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা উন্নয়ন প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ১১। উন্নয়ন প্রকল্প সমাপ্তির সঙ্গে সঙ্গে চাকুরির অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরি অবসানের নোটিশ হিসেবে গণ্য হবে।
- ১২। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৩। অনাকাঙ্ক্ষিত ভুল-ত্রুটি সংশোধনযোগ্য এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ ডাক বিভাগের Website: [www.bdpost.gov.bd](http://www.bdpost.gov.bd) এ পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ ডাক বিভাগের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে।

(মোঃ গোলাম মোস্তফা)

প্রকল্প পরিচালক

"বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ জরাজীর্ণ ডাকঘরসমূহের  
সংস্কার/পুনর্বাসন-২য় পর্যায় (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প

ও

সদস্য-সচিব

জনবল নিয়োগ কমিটি

ফোন: ০২-৫৮১৬০৭৫৮